

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪৫

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَن أَبِي قَتَادَةَ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ صَوْمِ الْاثْنَيْنِ فَقَالَ: «فِيهِ وُلِدْتُ وَفِيهِ أُنْزِلَ عَلَيَّ» . رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২০৪৫-[১০] আবৃ কাতাদাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে সোমবারের সওম সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এ দিনে আমি জন্মগ্রহণ করেছি। এ দিনে আমার ওপর (কুরআন) নাযিল করা হয়েছে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১১৬২, আবূ দাউদ ২৪২৬, আহমাদ ২২৫৫০, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৮৪৩৪, শু'আবূল ঈমান ১৩২৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বায়হাক্বীর অপর বর্ণনায় রয়েছে, 'উমার (রাঃ) বলেন, হে আল্লাহর রসূল! যে সোমবারে সিয়াম পালন করে তার ব্যাপারে আপনি কি বলেন? জবাবে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এ দিনে আমি জন্মগ্রহণ করেছি এবং এ দিনেই আমাকে নবৃওয়াত দান করা হয়েছে। আর এটা এ কথাই সমর্থন করে যে, এখানে জিজ্ঞাসাবাদটা শুধু সিয়ামের ব্যাপারে, সিয়ামের আধিক্যের ব্যাপারে নয়। আর আলোচ্য হাদীসে প্রমাণিত হয় যে, সোমবারে সিয়াম পালন করা মুস্তাহাব। আর নিশ্চয়ই উক্ত দিনের সম্মান করা উচিত, যে দিনে আল্লাহ তা'আলা তার বান্দাকে নিয়ামত দান করেছেন। সিয়ামের মাধ্যমে ও আল্লাহর নৈকট্য অর্জনের মাধ্যমে উক্ত দিনের সম্মান করা কর্তব্য। আর আবৃ হুরায়রাহ্ (রাঃ) এর বর্ণনায় সোমবার ও বৃহস্পতিবার সিয়াম পালন করার কারণ রয়েছে যে, এ দিনে 'আমলনামা উঠানো হয়, আর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিয়াম অবস্থায় 'আমলনামা



উঠানোকে ভালোবাসতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন